

সুগন্ধ

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ : ১২ কার্তিক ১৪২১/২৭ অক্টোবর ২০১৪

নং পবম/বঃ শাঃ-২/০২/বন্যপ্রাণী অভয়ারণ্য/১২/২০১০/১৫৫—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ধারা ১৩(১) এবং ১৩(২) এর ক্ষমতাবলে দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থিত সোয়াচ অব নো-গ্রাউন্ড এর নিম্নতফসিল বর্ণিত ১৭৩৮ বর্গ কি. মি. অংশকে পাঁচ প্রজাতির বিপন্ন সামুদ্রিক ডলফিন (ইরাবতী ডলফিন, গোলাপি ডলফিন, বোতলনাক ডলফিন, চিত্রা ডলফিন, ঘুনি ডলফিন); পাখনাহীন পরপয়েস/শুশুক, কয়েক প্রজাতির তিমি (ব্রাইডস তিমি, ফিন তিমি, কুঁজো তিমি, কমন স্পার্ম তিমি, খাটো স্পার্ম তিমি, ঘাতক তিমি, চন্দ্রঘাতক তিমি ইত্যাদি); এবং হাঙ্গর (হাতুরী হাঙ্গর, বাঘা হাঙ্গর, বিলাই হাঙ্গর, মুইচিয়া হাঙ্গর, কানি হাঙ্গর, চোখা হাঙ্গর, কালা হাঙ্গর, নীল হাঙ্গর, থুট্টি হাঙ্গর, ফোঁরি হাঙ্গর, করাতি হাঙ্গর) সংরক্ষণ ও বংশবৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে “সোয়াচ অব নো-গ্রাউন্ড মেরিন প্রোটেক্টেড এরিয়া” হিসেবে ঘোষণা করা হলো :

তফসিল

স্থানের নাম	প্রস্তাবিত সংরক্ষিত এলাকার নাম	সংরক্ষিত এলাকার পরিমাণ	সংরক্ষিত এলাকার গভীরতা	মন্তব্য
দক্ষিণ বঙ্গোপসাগর	“সোয়াচ অব নো-গ্রাউন্ড মেরিন প্রোটেক্টেড এরিয়া”	১৭৩৮ বর্গ কি. মি.	৯০০ + মি.	

(১৯৩৭১)

মূল্য : টাকা ৪.০০

৩৬

## চৌহদ্দি

উত্তর	:	বঙ্গোপসাগর সুন্দরবন পর্যন্ত বিস্তৃত
দক্ষিণ পূর্ব	:	বঙ্গোপসাগর
দক্ষিণ পশ্চিম	:	বঙ্গোপসাগরের ভারতীয় জলসীমা
পূর্ব	:	বঙ্গোপসাগর
পশ্চিম	:	বঙ্গোপসাগরের ভারতীয় জলসীমা পর্যন্ত বিস্তৃত
অবস্থান	:	জিপিএস অনুসারে "সোয়াচ অব নো-গ্রাউন্ড মেরিন প্রোটেক্টেড এরিয়া"র অক্ষাংশ ও দ্রাঘিমাংশ নিম্নরূপ :

অবস্থান	অক্ষাংশ	দ্রাঘিমাংশ
উত্তর	২১°৩৭'৩৫"	৮৯°৩০'২২"
উত্তর পশ্চিম	২১°৩৭'৩৫"	৮৯°২১'১৩"
উত্তর পূর্ব	২১°৩৭'৩৫"	৮৯°৪০'৩০"
দক্ষিণ পশ্চিম	২১°১৯'৫৭"	৮৯°২১'১৩"
দক্ষিণ পূর্ব	২১°২০'২৮"	৮৯°৪০'৩০"
দক্ষিণ	২১°০৬'২৫"	৮৯°৩১'১৪"

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সচিব।

ক্রমিক সংখ্যা	অক্ষাংশ	দ্রাঘিমাংশ	অক্ষাংশ	দ্রাঘিমাংশ	আনুমানিক আয়তন
১	২১°৩৭'৩৫"	৮৯°৩০'২২"	২১°৩৭'৩৫"	৮৯°২১'১৩"	১০০

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd